দৈনিক জনকণ্ঠ

তারিখ MAR 4 1999

পৃষ্ঠা ১১ কলাম ৩

7

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে আদিবাসী ছাত্রছাত্রীদের ভর্তি কোটা হ্রাস

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ভর্তিচ্ছু আদিবাসী ছাত্রছাত্রীদের অধিকার থেকে বঞ্চিত করার অভিযোগ উঠেছে। বর্তমান উপাচার্য গত '৯৭-৯৮ এবং '৯৮-৯৯ শিক্ষাবর্ষে উপজাতি ছাত্রছাত্রীদের ভর্তি কোটা কমিয়ে দিয়ে শোষণের নতুন দৃষ্টান্ত স্থাপন করেছেন। ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ থেকে এই বিশ্ববিদ্যালয়ে আদিবাসী কোটা শুরু হবার পর তাদের জন্য ২৯ আসন বরাদ্দ করা হয়। আদিবাসী ছাত্ররা স্বতঃস্ফূর্তভাবে এ আসনগুলোতে ভর্তি হয়। কিন্তু বর্তমান উপাচার্য উদ্দেশ্য প্রণোদিত হয়ে ২৯ আসনের পরিবর্তে মাত্র ১৫ আসন আদিবাসীদের জন্য বরাদ্দ করেছেন।

আদিবাসী ছাত্র স্বপন চাকমা, থোয়াইঙ্গ মারমা, সুশীল চাকমা, তনয় ও চিংক্রকে জানায়, কোটা কমানোর বিরুদ্ধে তারা আন্দোলন করতে ভয় পাচ্ছে।